Department of Education

নমুনা চিঠি

প্রিয় পিতামাতা অথবা অভিভাবক:

২০১২-২০১৩ স্কুল বছরে আপনার সন্তানের জন্য ১৯৭৩ সালের পুনর্বাসন আইনের সেকশন ৫০৪ অনুযায়ী স্বাস্থ্য পরিসেবা (যেমন ঔষধ) এবং/অথবা অনুমোদিত হয়েছিল। স্বাস্থ্য পরিসেবা ও সেকশন ৫০৪-এর প্রচলিত রূপরেখার অধীনে প্রতি স্কুল বছরে একবার করে নতুন অনুমোদন প্রয়োজন। স্কুলে আপনার সন্তানের এই পরিসেবা এখনও প্রয়োজন, সে যেনো উপযুক্ত পরিসেবা লাভ করতে পারে, সেটা নিশ্চিত করতে এই রি-অথরাইজেশন (পুনরায় অনুমোদন) আবশ্যিক। হালনাগাদকৃত অনুমোদন ফরম নিশ্চিত করে যে আপনার পারিবারিক চিকিত্সক কর্তৃক নির্দেশিত যথোপযুক্ত ডাক্তারি চিকিত্সা আপনার সন্তান পাচ্ছে এবং চিক্তিসা পদ্ধতি, ডোজ-এর পরিমাণ, পার্শ্বপ্রতিক্রিয়া, ইত্যাদি গত বছর থেকে এখন পর্যন্ত সময়কালে পরিবর্তিত হয়নি। পরিসেবা প্রদানকারীরা যাতে উপযুক্ত পরিসেবা প্রদানে সক্ষম হতে পারেন, সেজন্য এই তথ্য আবশ্যিকও বটে।

যেহেতু বছরের এই সময়ে অনেক পিতামাতা তাদের সন্তানের বার্ষিক এবং ক্যাম্প শারীরিক পরীক্ষার সময় ঠিক করেন, আমরা আপনাদেরকে উত্সাহিত করছি আসন্ন স্কুল বছরের জন্য প্রস্তুতি গ্রহণ করতে এবং প্রয়োজন হলে আপনাদের সন্তানের স্বাস্থ্য পরিসেবা প্রদানকারীদের দিয়ে ২০১৩-২০১৪ স্কুল বছরের জন্য সংশ্লিষ্ট ফরম পূরণ করিয়ে নিতে।

সেই লক্ষ্যে অনুগ্রহ করে আপনার পারিবারিক চিকিত্সককে দিয়ে সংশ্লিষ্ট হেলথ সার্ভিসেস (স্বাস্থ্য পরিসেবা) এবং/অথবা সেকশন ৫০৪ অ্যাকোমোডেশন (বাড়তি সুবিধা) ফরম স্পষ্টভাবে পূরণ ও সই করিয়ে নেবেন।

আপনার সন্তানকে যাতে সহজেই সনাক্ত করা যায়, সেজন্য অনুগ্রহ করে মেডিকেশন ফরম-এর উপরে বাম কোনে সম্প্রতি তোলা একটি ক্ষুদ্র ছবি সংযুক্ত করবেন।

আপনার সন্তানের স্কুলে অথরাইজেশন (অনুমোদন) ফরম স্কুলের শেষ দিনের আগে কিংবা সামার-এর ছুটির সময় নিচের ঠিকানায় জমা দেওয়া যাবে:

_____

_____

_____

_____

নতুন স্কুল বছরের শুরুতে নিয়মানুযায়ী সার্ভিস-প্রাপ্তি শুরুর নিশ্চয়তা পেতে অনুগ্রহ করে পূরণকৃত ফরম ৯ অগাস্ট, ২০১৩ তারিখের মধ্যে জমা দিতে হবে।

আপনার বিশ্বস্ত,